বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৫৩০২৮,৪৭১২০৫১৩

## ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ(মানি লন্ডারিং প্রতিরোধ সেল)

প্রকা/আরএমডি-৩০/বোর্ড/২০২০-২০২১/২৪০০(১২৫০) তারিখঃ ৩০-১২-২০২০

১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
২। সকল মুখ্য অঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: **মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত ষান্মাসিক (জুলাই-ডিসেম্বর,২০২০) প্রতিবেদন বিএফআইইউ,বাংলাদেশ ব্যাংক এ প্রেরন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিএফআইইউ সার্কুলার নং-২৬ তারিখ ১৬-০৬-২০২০ (যা ২১-০৭-২০২০ তারিখের ১৪০(১২৫০) নং পত্রের মাধ্যমে জারী করা হয়েছে)এর নির্দেশনার প্রেক্ষিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ,এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রতি ষান্মাসিকে (জানু-জুন; জুলাই-ডিসেম্বর) ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিত করতে হয়।

০৩। এমতাবস্থায় অদ্য ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর,২০২০) ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিত করার জন্য বিএফআইইউ , বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত এতদসংগে সংযুক্ত ছক মোতাবেক চাহিত তথ্যাদি ইতোমধ্যে গঠিত আঞ্চলিক পরিবীক্ষন কমিটির মাধ্যমে অঞ্চলাধীন শাখাসমূহ হতে সংগ্রহকরনপূর্বক সংগৃহীত তথ্যাদি **আগামী ২৫/০১/২০২১ ইং তারিখের মধ্যে** প্রধান কার্যালয়ের মানি লন্ডারিং প্রতিরোধ সেল,ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা গেল **(কপি সংযুক্ত)।**

০৪। উল্লেখ্য যে,ইতোমধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এর নেতৃত্ব গঠিত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আঞ্চলিক পরীবিক্ষন কমিটি নিজস্ব তত্ত্বাবধানে এতদসংগে সংযুক্ত চাহিত তথ্যাদি সংগ্রহ এবং প্রধান কার্যালয়ে প্রেরনের বিষয়টি নিশ্চিত করবেন। প্রদত্ত নির্দেশনা পরিপালনের ব্যর্থতার দায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত,

(মো:আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)
এবং
উপ -প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

নং-প্রকা/আরএমডি-৩০/বোর্ড/২০২০-২০২১/ ২৪০০(১২৫০) তারিখঃ ৩০-১২-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৫। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপরিেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। নথি/মহানথি।